



৯০

১৪

৫৭৯৯ জন প্রাথমিক

শিক্ষকের

পদ খালি

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (বৃহস্পতিবার) জাতীয় সংসদে আতাউর রহমানের (সিরাজ-গঞ্জ-৩) এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী শেখ শহিদুল ইসলাম বলেন যে, দেশে মোট ৩৭ হাজার (শেষ পৃ: ৫-এর ক: স্ত:)

৫৭৯৯ জন প্রাথমিক

শিক্ষকের পদ খালি

(১ম পৃ: পর)

৭ শত ২২টি সরকারী প্রাথমিক বিদ্যালয় রহিয়াছে। সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলিতে ৫ হাজার ৭ শত ৯৯ জন শিক্ষকের পদ খালি রহিয়াছে।

বিশ্ববিদ্যালয়গুলিতে ৬৮৮

জন শিক্ষকের পদ খালি

আবু লেইছ মো: সুবিন চৌধুরীর (হবিগঞ্জ-৩) এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী সংসদে জানান যে, দেশের বিশ্ববিদ্যালয়গুলিতে ৬৮৮ জন এবং সরকারী কলেজগুলিতে ১ হাজার ৮ শত ৫০ জন শিক্ষকের পদ শূন্য রহিয়াছে।

শাহজালাল বিশ্ববিদ্যালয়ের

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম

অপর এক প্রশ্নের জবাবে বলেন, সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১৯৯০-৯১ অর্থবছরে ছাত্র ভর্তি ও ক্লাস শুরু হইবে। মকসুদ ইবনে আজিজ(লামা) (জেপি-সিলেট)-এর এক প্রশ্নের জবাবে শেখ শহীদ বলেন, ১৯৮৬-৮৭ অর্থ বছরে সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন কাজ হাতে নেওয়া হয়। তিনি বলেন, জমি ক্রয়, ছাত্র উন্নয়ন এবং শিক্ষার ভবনসহ ২টি ভবনের নির্মাণকাজ শেষ হইয়াছে।